

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৫৪০০.০১৭.২৭.০০১.১৬. ৭০৬

তারিখ : ২৭ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ।
১১ আগস্ট, ২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ


যেহেতু মাদারীপুর জেলার সদর উপজেলার দুধখালী ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ডের সদস্য জনাব অহিদুল ইসলাম এর বিরুদ্ধে সহিংস কর্মকাণ্ডে জড়িত থেকে সন্ত্রাসী কর্মকাণ্ডে নেতৃত্ব প্রদানের অভিযোগ পাওয়া গেছে;

যেহেতু স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(খ) মোতাবেক তার দ্বারা ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন হবেনা;

যেহেতু, জনাব অহিদুল ইসলাম এরূপ কর্মকাণ্ডে জড়িত থাকায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, মাদারীপুর জেলার সদর উপজেলার দুধখালী ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ডের সদস্য জনাব অহিদুল ইসলামকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৫৪০০.০১৭.২৭.০০১.১৬. ৭০৬

তারিখ : ২৭ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ।
১১ আগস্ট, ২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, মাদারীপুর।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর সদর, মাদারীপুর।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব অহিদুল ইসলাম (সাময়িক বরখাস্তকৃত), সদস্য, ৬নং ওয়ার্ড দুধখালী ইউনিয়ন পরিষদ, মাদারীপুর সদর, মাদারীপুর।